

বেসামাল ছাত্রলীগ

এই হত্যার বিচার হবে কি?

আবারও বেসামাল ছাত্রলীগ। সহপাঠী বন্ধুকে সংগঠনে অনুপ্রবেশকারী আখ্যা দিয়ে পিটিয়ে হত্যা করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের কয়েকজন নেতা-কর্মী। ঘটনা একেবারেই তুচ্ছ। তুচ্ছ ঘটনা থেকে প্রাণঘাতী হত্যারকের ভূমিকায় অবতীর্ণ হওয়ার প্রশিক্ষণ সত্ত্ববত ছাত্রলীগেরই আছে। সরকারি দলের সহযোগী ছাত্রসংগঠন, এই অধিকার থেকেই কি তারা হত্যারকের ভূমিকায় অবতীর্ণ হতে অনুপ্রাণিত হচ্ছে? একটি সামান্য ঘটনায় নিহত হয়েছেন বিশ্ববিদ্যালয়ের মাৎসাবিজ্ঞান অনুষদের স্নাতক শেষ বর্ষের শিক্ষার্থী সাদ। যাদের বিরুদ্ধে সাদ হত্যার অভিযোগ, তাদের কাউকেই গ্রেপ্তার করতে পারেনি পুলিশ। চিকিৎসার জন্য যে বেসরকারি হাসপাতালে নেওয়া হয়েছিল, সেখানকার তিনজনকে আটক করেছে পুলিশ।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক শেষ বর্ষের একজন শিক্ষার্থীকে নিয়ে একটি পরিবারের স্বপ্ন আবর্তিত হয়। সেই স্বপ্ন ভেঙে চুরমারা। সাদের বাবা তাঁর ছেলের নৃতদেহ-ওই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিয়ে যেতে চাননি। যে রাজনীতি একজন, সস্তাবনাময় তরুণকে পিটিয়ে হত্যা করে, সেই রাজনীতির প্রতি কোনো অভিভাবকের কি আর প্রজ্ঞাবোধ থাকবে? কী দোষ সাদের? তিনি তাঁর অনুযোগের কথা বলতে গিয়েছিলেন বন্ধুদের। সেই অপরাধে সাদকে পেটানো হয়েছে। দেওয়া হয়েছে ইলেকট্রিক শক। তিনি ছিলেন ওই বিশ্ববিদ্যালয়ের একটি হল শাখার সাংগঠনিক সম্পাদক। তিনি যদি অনুপ্রবেশকারী হবেন, তাহলে কেমন করে তিনি সেই পদ পেলেন? ছাত্রলীগ কি অনুপ্রবেশকারীদের এভাবে পুরস্কৃত করে? তা যদি করে থাকে, তাহলে সেটাও তো রাজনৈতিক তথু নয়, নৈতিক অপরাধের পর্যায়েই পড়ে। ২০০৯ সালে সরকার গঠনের পর থেকে এমন কোনো অপকর্ম নেই যার সঙ্গে ছাত্রলীগের নাম জড়িয়ে যায়নি। টেন্ডারবাড়ি, চাঁদাবাড়ি থেকে শুরু করে দখলদারিত্ব—সব ক্ষেত্রেই ব্যবহৃত হয়েছে ছাত্রলীগ। দল তথু নয়, সরকারের পাঁচ বছরের সব অর্জনকে ধুলোয় মিশিয়ে দিতে ছাত্রলীগ নামের সংগঠনটিই যথেষ্ট ছিল। নতুন সরকারের চলার পথের শুরুতেই সেই ছাত্রলীগ আবার সরকারের গায়ে নতুন কলঙ্কতিসক একে দিল।

সাদের মৃত্যুর পর উত্তাল হয়েছে বিশ্ববিদ্যালয়। ছাত্ররা পথে নেমেছে। আলটিমেটাম দিয়েছে। তাতে নিখর সাদের শরীরে প্রাণের স্পন্দন আসবে না। কিন্তু দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি হয়তো শিক্ষাসনকে সন্ত্রাসমুক্ত রাখবে। আর কোনো সাদের মৃত্যু হয়তো রোধ করা যাবে। সেই সন্ত্রাসমুক্ত শিক্ষাসনের নিশ্চয়তা কি সংগঠনদের কাছ থেকে পাওয়া যাবে? ছাত্রলীগ নামের ঘটকদের বিচারের দাবির প্রতি আমাদের একান্ততা।